

সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৩৪১৭

৬০/ আশ্বিয়া কিরাম ('আঃ) (كتاب أحاديث الأنبياء)

পরিচ্ছেদঃ ৬০/৩৭. মহান আল্লাহর বাণীঃ আমি দাউদকে 'যাবুর' দিয়েছি। (বনী ইসরাঈল ৫৫)

بَابُ قَوْلِ اللَّهِ تَعَالَى وَاتَيْنَا دَاوُدَ زَبُورًا

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ أَخْبَرَنَا مَعْمَرٌ عَنْ هَمَّامٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ خُفِّفَ عَلَى دَاوُدَ عَلَيْهِ السَّلَامُ الْقُرْآنُ فَكَانَ يَأْمُرُ بِدَوَائِبِهِ فَتُسْرَجُ فَيَقْرَأُ الْقُرْآنَ قَبْلَ أَنْ تُسْرَجَ دَوَائِبُهُ وَلَا يَأْكُلُ إِلَّا مِنْ عَمَلٍ يَدِهِ رَوَاهُ مُوسَى بْنُ عُقْبَةَ عَنْ صَفْوَانَ عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

বাংলা

60/36. بَابُ وَسَلُّهُمْ عَنِ الْقَرْيَةِ الَّتِي كَانَتْ حَضِرَةَ الْبَحْرِ إِذْ يَعْدُونَ فِي السَّبْتِ (الأعراف : 163)

৬০/৩৬. অধ্যায় : মহান আল্লাহর বাণীঃ আর তাদেরকে সমুদ্র তীরবর্তী জনপদবাসীদের সম্বন্ধে জিজ্ঞেস কর।

যখন তারা শনিবার সীমালঙ্ঘন করতো। (আ'রাফ ১৬৩)

يَعْدُونَ : يَتَعَدُونَ يُجَاوِزُونَ فِي السَّبْتِ إِذْ تَأْتِيهِمْ حِينَتُهُمْ يَوْمَ سَبْتِهِمْ شُرْعًا شَوَارِعَ وَيَوْمَ لَا يَسْبِتُونَ إِلَى قَوْلِهِ كُونُوا قِرْدَةً خَاسِيْنَ (الأعراف : 166) بَيْسٌ شَدِيدٌ

يَعْدُونَ অর্থ সীমালঙ্ঘন করতো। সমুদ্রের মাছগুলো শনিবার উদযাপনের দিন পানির উপর ভেসে তাদের নিকট

আসতো। شُرْعًا অর্থ পানিতে ভেসে আর যেদিন তারা শনিবার উদযাপন করতো না.... মহান আল্লাহর বাণীঃ

بَيْسٌ শনিবার-ভীষণ অপদস্থ।

الزُّبُرُ الْكُتُبُ وَاحِدُهَا زَبُورٌ زَبْرَتْ كَتَبَتْ وَلَقَدْ آتَيْنَا دَاوُدَ مِنَّا فَضْلًا يَجِبَالُ أَوْبِي مَعَهُ وَالطَّيْرُ ط وَأَلْنَا لَهُ الْحَدِيدَ أَنْ أَعْمَلَ سَابِغَاتٍ وَقَدَّرَ فِي السَّرْدِ (اسبأ : 10-11) قَالَ مُجَاهِدٌ سَبَّحِي مَعَهُ وَالطَّيْرُ وَأَلْنَا لَهُ الْحَدِيدَ أَنْ أَعْمَلَ سَابِغَاتِ الدَّرُوعِ وَقَدَّرَ فِي السَّرْدِ الْمَسَامِيرِ وَالْحَلَقِ وَلَا يَدِقُّ الْمِسْمَارَ فَيَتَسَلَّلُ وَلَا يُعْظَمُ فَيُفْصِمُ . أفرغ : لاتزل. بَسْطَةُ زِيَادَةٌ وَفَضْلًا. وَأَعْمَلُوا صَالِحًا إِنِّي بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ (اسبأ : 10-11)

الزُّبُرُ কিতাবসমূহ। তার একবচনে زَبُورٌ আর زَبْرَتْ আমি লিখেছি। আর আমি আমার পক্ষ হতে দাউদকে

বিশেষ মর্যাদা দিয়েছিলাম। হে পর্বত! তাঁর সঙ্গে মিলে আমার তাসবীহ পাঠ কর। মুজাহিদ (রহ.) বলেন, তার সঙ্গে তাসবীহ পাঠ কর। سَابِغَاتٍ লৌহবর্মসমূহ। আর এ নির্দেশ আমি পাখীকেও দিয়েছিলাম। আমি তাঁর জন্য লোহাকে নরম করে দিয়েছিলাম। তুমি লৌহবর্ম তৈরি করতে সঠিক পরিমাপের প্রতি লক্ষ্য রেখো। السَّرْدِ পেরেক ও কড়াসমূহ। পেরেক এমন ছোট করে তৈরি করো না যাতে তা ঢিলে হয়ে যায়। আর এতো বড় করোনা যাতে বর্ম ভেঙ্গে যায়। أفرغْ অর্থ-অবতীর্ণ করা। بَسْطَةً অর্থ-বেশী ও সমৃদ্ধ। "আর সৎকর্ম কর, নিশ্চয়ই তোমরা যা কর আমি তা দেখি।" (সাবা ১০-১১)

৩৪১৭. আবু হুরায়রাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, দাউদ (আঃ)-এর জন্য কুরআন (যাবুর) তিলাওয়াত সহজ করে দেয়া হয়েছিল। তিনি তাঁর পশুয়ানে গদি বাঁধার আদেশ করতেন, তখন তার উপর গদি বাঁধা হতো। অতঃপর তাঁর পশুয়ানের ওপর গদি বাঁধার পূর্বেই তিনি যাবুর তিলাওয়াত করে শেষ করে ফেলতেন। তিনি নিজ হাতে উপার্জন করেই জীবিকা নির্বাহ করতেন। মূসা ইবনু 'উকবাহ (রহ.).....আবু হুরাইরাহ্ (রাঃ) সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে হাদীসটি রিওয়ায়াত করেছেন। (২০৭৩) (আধুনিক প্রকাশনীঃ ৩১৬৫, ইসলামিক ফাউন্ডেশনঃ ৩১৭৪)

English

Narrated Abu Huraira:

The Prophet (ﷺ) said, "The reciting of the Zabur (i.e. Psalms) was made easy for David. He used to order that his riding animals be saddled, and would finish reciting the Zabur before they were saddled. And he would never eat except from the earnings of his manual work."

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=27756>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন